


# যুগান্তর

খাতা মূল্যায়নে অবহেলা

## শান্তি পাচ্ছেন রাজশাহী বোর্ডের ২শ' পরীক্ষক

প্রকাশ : ২৪ আগস্ট ২০১৯, ০০:০০ | প্রিন্ট সংস্করণ

 রাজশাহী ব্যুরো

এইচএসসি পরীক্ষার খাতা মূল্যায়নে অবহেলা এবং নম্বর যোগ করতে ভুল করায় শান্তি পেতে যাচ্ছেন রাজশাহী মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ডের ২শ' পরীক্ষক। তাদেরকে আগামীতে পরীক্ষার খাতা দেখা থেকে বিরত রাখার সিদ্ধান্ত নিয়েছে বোর্ড। তাদের তালিকা পাঠানো হবে শিক্ষা মন্ত্রণালয়েও। আর দায়িত্বহীনতার মাত্রা বিবেচনা করে মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক পরবর্তীতে ব্যবস্থা নেয়া হতে পারে। রাজশাহী শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক প্রফেসর আনারুল হক প্রামাণিক এ তথ্য নিশ্চিত করেছেন। তিনি জানান, ফল প্রকাশের পর শিক্ষার্থীদের খাতা পুনঃমূল্যায়নের পর এসব পরীক্ষকের অবহেলার বিষয়টি ওঠে এসেছে।

শিক্ষা বোর্ড সূত্রে জানা গেছে, এবার এইচএসসির ফলাফল প্রকাশের পর বিভাগের আট জেলা থেকে ১৩ হাজার ৮২ জন শিক্ষার্থী খাতা পুনঃনিরীক্ষণের আবেদন করেন। পুনঃনিরীক্ষণের জন্য আবেদন করা খাতার সংখ্যা ছিল ৩৪ হাজার ৭১৫টি। ১৬ আগস্ট পুনঃনিরীক্ষণের ফলাফল প্রকাশ করা হয়। এতে দেখা যায়, ৬৬ জন পরীক্ষার্থী ফেল থেকে পাস করেছে। আর নতুন করে জিপিএ-৫ পেয়েছে ৪৪ জন। এ বছর ফেল থেকে জিপিএ-৫ পাওয়া শিক্ষার্থী না থাকলেও ৩৬৬ জনের গ্রেড পরিবর্তন হয়েছে।

শিক্ষা বোর্ডের কর্মকর্তারা জানান, পুনঃনিরীক্ষণের আবেদন হওয়া উত্তরপত্রের চারটি দিক দেখা হয়। এগুলো হল- উত্তরপত্রের সব প্রশ্নের সঠিকভাবে নম্বর দেয়া হয়েছে কিনা, প্রাপ্ত নম্বর গণনা ঠিক রয়েছে কিনা, প্রাপ্ত নম্বর ওএমআর শিটে উঠানো হয়েছে কিনা এবং প্রাপ্ত নম্বর অনুযায়ী ওএমআর শিটের বৃত্ত ভরাট করা হয়েছে কিনা। এসব পরীক্ষা করেই পুনঃনিরীক্ষার ফল দেয়া হয়। আর ২০০ পরীক্ষকের অবহেলা লক্ষ্য করা গেছে এই চারটিতে। কেউ যোগে ভুল করেছেন, কেউ নম্বর ওএমআর শিটে ওঠাননি, আবার কেউ কোনো উত্তরের নম্বরই দেননি। ফলে অনেক মেধাবী শিক্ষার্থীও কাজক্ষিত ফল পাননি।

অভিভাবকরা বলছেন, পরীক্ষকের অবহেলার কারণে শিক্ষার্থীরা ফল বিপর্যয়ের শিকার হওয়া নতুন নয়। এতে অনেক শিক্ষার্থী মানসিকভাবে ভেঙে পড়ার পাশাপাশি অনেকেই কাজক্ষিত উচ্চশিক্ষা প্রতিষ্ঠানে আবেদন পর্যন্ত করতে পারেন না। আবার ফলাফল খারাপ আসার কারণে ফল প্রকাশের দিনেই আত্মহত্যার মতো ঘটনাও ঘটে। এ কারণে দায়িত্বে অবহেলাকারীদের বিরুদ্ধে ব্যবস্থা নেয়া খুব প্রয়োজন।

রাজশাহী শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক আনারুল হক প্রামাণিক বলেন, আমাদের এইচএসসি পরীক্ষার খাতা দেখেন ৭ থেকে ৮ হাজার পরীক্ষক। তাদের মধ্যে ২০০ জন পরীক্ষকের খাতায় নম্বর লেখা বা গণনায় ভুল পাওয়া গেছে। এটা তাদের অবহেলার জন্যই হয়েছে, সে বিষয়ে সন্দেহ নেই। আগামীতে এসব পরীক্ষককে খাতা দেখতে দেয়া হবে না। এছাড়া মন্ত্রণালয়েও এসব পরীক্ষকের তালিকা পাঠানো হবে। সেখান থেকে যে নির্দেশনা দেয়া হবে সে মোতাবেক পরবর্তীতে ব্যবস্থা নেয়া হবে।

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

---

© সর্বস্বত্ব স্বত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।